



স্মারক নং: ৮৭.৫১৪.৪২৬.০০.০০.০০০.২০১৮.৮২

তারিখ: ১০.১০.১৮ খ্রি.

ইনোভেশন কমিটির সভার কার্য বিবরণী

মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে আইসিটি, এনার্জি এন্ড মিটারিং দপ্তরের কনফারেন্স রুমে (বাড়ী ৪৭, রোড ১৩৫, গুলশান-১, ঢাকা) ০১ অক্টোবর ২০১৮ খ্রি. তারিখ সকাল ০৯.৩০ টায় ডিপিডিসি'র ইনোভেশন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

০১. জনাব মো. রবিউল হাসান, মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), আইসিটি, এনার্জি এন্ড মিটারিং, ডিপিডিসি।
০২. জনাব মো. কামরুল আহছান, উপমহাব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৩. জনাব মোহাম্মদ মহিউল আলম, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস আজিমপুর, ডিপিডিসি।
০৪. জনাব মো. শাহেদ বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, মিটারিং (সাউথ), ডিপিডিসি।
০৫. জনাব ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৬. জনাব মো. এমদাদুল হক, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৭. জনাব মো. আরাফাত ইমতিয়াজ, সহকারী ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৮. জনাব অমিত কুমার দাস, উপ-সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (গ্রীড নর্থ-২), ডিপিডিসি।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ডিপিডিসি'র ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনার বিষয় বস্তু	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০১.	ডিপিডিসি'র ২০১৮-২০১৯ বৎসরের উদ্ভাবনী কার্যক্রমের কর্মপরিকল্পনা	ক। ডিপিডিসি'র ২০১৮-২০১৯ বৎসরের কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত পাঁচটি উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করে এ ব্যাপারে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। খ। ই-মেইলের মাধ্যমে বিদ্যুৎ বিল প্রেরণ কার্যক্রমের পাইলটিং শুরু করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। এ জন্য প্রাথমিকভাবে কাকরাইল এনওসিএস বিভাগের ডি আই পি গ্রাহকগণকে ই মেইলের মাধ্যমে বিদ্যুৎ বিল প্রেরণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	মো. কামরুল আহছান, উপমহাব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০২.	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো অনুযায়ী ডিপিডিসি'র অগ্রগতি	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামোতে উল্লিখিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন কমিটির সকল সদস্য। ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি। মো. আরাফাত ইমতিয়াজ, সহকারী ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৩.	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	ক। প্রত্যেক কর্মকর্তা কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ সংক্রান্ত মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে ডিপিডিসি'র বিভিন্ন দপ্তরের যেসকল কর্মকর্তা উদ্ভাবনী ধারণা প্রেরণ করেছেন তাদেরকে নিয়ে এক দিনের কর্মশালা আয়োজন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	জিএম (আইসিটি/টেকনিক্যাল), (ইনোভেশন টিমের আহ্বায়ক), ডিপিডিসি। মোঃ মাহবুবুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, ডিপিডিসি।

M. A. H. M.

ক্রমিক নং	আলোচনার বিষয় বস্তু	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
		খ। ডিপিডিসি'র প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরকে এটুআই এর সহযোগিতায় ইনোভেশন সংক্রান্ত ২ দিন এবং ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন করার জন্য অবহিত করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৪.	উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের বিদেশে শিক্ষা সফরে প্রেরণ	উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের বিদেশে শিক্ষা সফরে প্রেরণ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর নোট প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	জিএম (আইসিটি/ টেকনিক্যাল), (ইনোভেশন টিমের আহ্বায়ক), ডিপিডিসি।
০৫.	ডিপিডিসি'র ফেসবুক পেজ এ গ্রাহকদের দেয়া মতামত কিংবা জিজ্ঞাসাসমূহের জবাব প্রদান এবং তথ্য দিয়ে হালনাগাদ করা	ডিপিডিসি'র ফেসবুক পেজ এ গ্রাহকদের দেয়া মতামত কিংবা জিজ্ঞাসাসমূহের জবাব প্রদান করার জন্য সকল এন.ও.সি.এস. এর নির্বাহী প্রকৌশলীগণকে পুনরায় অবহিত করা হবে এবং ফেসবুক পেজ তথ্য দিয়ে হালনাগাদ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে সকল এন.ও.সি.এস. এর নির্বাহী প্রকৌশলীগণকে নিয়ে ডিপিডিসি'র ফেসবুক পেজ এ গ্রাহকদের দেয়া মতামত কিংবা জিজ্ঞাসাসমূহের জবাব প্রদান করার বিষয়ে একটি সভা আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	মোহাম্মদ মহিউল আলম, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস আজিমপুর, ডিপিডিসি। ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

M. Anam
২০/১০/১৮

প্রকৌ. মো. রবিউল হাসান
মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল)
আইসিটি, এনার্জি এন্ড মিটারিং
ডিপিডিসি

বিতরণ:

০১. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
০২. নির্বাহী পরিচালক (অ্যাডমিনিস্ট্রেশন এন্ড এইচ আর/ প্রকৌশল / অপারেশন / অর্থ), ডিপিডিসি।
০৩. কোম্পানি সচিব / প্রধান প্রকৌশলী / মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
০৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
০৫. কমিটির সকল সদস্য জনাব
০৬. দপ্তর নথি / মাস্টার ফাইল।